

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭২৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পাঁচ ওয়াক্ত সালাত দন্ডনীয় পাপ কাজ সম্পদানকারী থেকে দন্ড বিধান মোচন করে দেয়

ذِكْرُ تَكْفِيرِ الصَّلَوَاتِ الْخَمْسِ الْحَدَّ عَنْ مُرْتَكِبِهِ

আরবী

1724 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي شَدَّادٌ أَبُو عَمَّارٍ حَدَّثَنِي وَاثِلَةُ بْنُ الْأَسْقَعِ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ اللَّهِ إِنِي أَصَبْتُ حَدًّا فَأَقِمْهُ عَلَيَّ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ أَقِيمَتِ الصَّلَاةُ فَلَمَّا قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِي أَصَبْتُ حَدًّا فَأَقِمْهُ عَلَيَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ سَلَّمَ قَالَ: رَسُولُ اللَّهِ إِنِي أَصَبْتُ حَدًّا فَأَقِمْهُ عَلَيَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ قَالَ: (صَلَّى اللَّهُ عَلَيْهُ عَلَيْهُ وَسَلَّمَ: (هَلْ تَوَضَّانُتَ حِينَ أَقْبَلْتَ)؟ قَالَ: نَعَمْ قَالَ: (صَلَّيْتَ مَعَنَا)؟ قَالَ: نَعَمْ قَالَ: (صَلَّيْتَ مَعَنَا)؟ قَالَ: نَعَمْ قَالَ: (فَاذَهُبُ فَإِنَّ اللَّهَ قَدْ غَفْرِ لك)

الراوي: وَاثِلَةُ بْنُ الْأَسْقَعِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1724 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭২৪. ওয়াসিলা বিন আসকা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, নিশ্চয়ই আমি দন্ডনীয় পাপে লিপ্ত হয়েছি, কাজেই আপনি আমার উপর দন্ডবিধান কার্যকর করুন।" রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে মুখ ফিরিয়ে নেন। তারপর সে ব্যক্তি আবার বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, নিশ্চয়ই আমি দন্ডনীয় পাপে লিপ্ত হয়েছি, কাজেই আপনি আমার উপর দন্ডবিধান কার্যকর করুন।" রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থেকে মুখ ফিরিয়ে নেন। তারপর সালাতের ইকামত দেওয়া হলো। অতঃপর যখন তিনি সালাম ফেরালেন। তখন সে ব্যক্তি আবার বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, নিশ্চয়ই আমি দন্ডনীয় পাপে লিপ্ত হয়েছি, কাজেই আপনি আমার



উপর দন্ডবিধান কার্যকর করুন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যখন তুমি আগমন করেছাে, তখন কি তুমি ওয়ু করেছিলে?" সে ব্যক্তি জবাবে বললাে, "জ্বী, হ্যাঁ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে পুনরায় জিজ্ঞেস করলেন, "তুমি কি আমাদের সাথে সালাত আদায় করেছাে?" সে ব্যক্তি জবাবে বললাে, "জ্বী, হ্যাঁ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "চলে যাও। কেননা নিশ্চয়ই আল্লাহ তোমাকে ক্ষমা করে দিয়েছেন!"[1]

ফুটনোট

[1] তাবারানী: ২২/১৬২; মুসনাদ আহমাদ: ৩/৪৯১; সহীহ মুসলিম: ২৭৬৫; আবূ দাউদ: ৪৩৮১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৭২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন